# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯৩৬

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ যে ব্যক্তির একজন সন্তান মারা যায় আর সে তাতে সাওয়াবের প্রত্যাশা করে, তার জন্য জান্নাতের প্রত্যাশা প্রসঙ্গে বর্ণনা

ذِكْرُ رَجَاءِ نَوَالِ الْجِنَّانِ لِمَنْ قدم ابْنَا وَاحِدًا مُحْتَسِبًا فِيهِ

আরবী

2936 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ حَدَّثَنَا نُوحُ بْنُ حَبِيبٍ حَدَّثَنَا وَكِيعٌ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ مُعَاوِيَةَ بْنِ قُرَّةَ عَنْ أَبِيهِ قَالَ: كَانَ رَجُلٌ يَخْتَلِفُ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَعَ بُنيٍّ لَهُ فَفَقَدَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالُوا: مَاتَ يَا رَسُولَ اللَّهِ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِأَبِيهِ: (أَمَا يَسُرُّكَ أَلَا تَأْتِي بَابًا من أبواب الجنة إلا وجدته ينتظرك)

الراوي : قُرَّة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2936 | خلاصة حكم المحدث: حسن ـ ((التعليق الرغيب)) (3/ 92).

বাংলা

২৯৩৬. কুর্রা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “একজন ব্যক্তি তার সন্তানের সাথে পালাক্রমে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে আসতেন, অতঃপর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেই ছেলেকে দেখতে না পেয়ে তার খোঁজ-খবর জানতে চাইলেন। তখন সাহাবীগণ বললেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, সে মারা গিয়েছে।” তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার বাবাবে বললেন, “এতে কি তুমি খুশি হবে না যে, তুমি জান্নাতের যে দরজার কাছেই যাবে, সেখানেই তাকে দেখতে পাবে যে, সে তোমার জন্য প্রতিক্ষা করছে?”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৪৩৬; আত তায়ালিসী: ১০৭৫; নাসাঈ: ৪/২২; তাবারানী আল কাবীর: ১৯/৫৪; হাকিম: ১/২৮৪।

আল্লামা শু'আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ৩/৯২)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ কুর্রা (রা.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92266

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন